# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
## সংস্থাপন শাখা
www.sherpur.gov.bd

নম্বর- ০৫.৪৫.৮৯০০.০০৫.০১.০০২.১৮-৩৬২

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৮ / ১৩ সেপ্টেম্বর ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২০-১২-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৬.১৬.২৬৮ সংখ্যক স্মারক এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর বিভাগীয় নির্বাচনী বোর্ড শাখার ১৮-০৮-২০২১ তারিখের ০৫.৪৫.০০০০.০১০.১১.০০৭.২১.৪২ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্য পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে জেলা প্রশাসক, শেরপুর বরাবর আবেদন আহ্বান করা যাচ্ছে ঃ-

| ক্রমিক | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড- ১৩) ১১,০০০-২৬৫৯০/- | ০৩ (তিন) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা; এবং<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ৫০ শব্দ ও ইংরেজীতে ৮০ শব্দ; এবং<br>(ঙ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২৫ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ |
| ২. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) ১০,২০০-২৪৬৮০/- | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা;<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজীতে ৭০ শব্দ; এবং<br>(ঙ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২৫ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ |
| ৩. | লাইব্রেরী সহকারী (গ্রেড- ১৬) ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ |
| ৪. | সার্টিফিকেট সহকারী (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ |
| ৫. | হিসাব সহকারী (গ্রেড- ১৬) ৯৩০০-২২৪৯০/- | ০৫ (পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ |

**শর্তাবলীঃ**

১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং শেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কাউকে বিবাহ বন্ধনে আবদ্ধ বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ প্রার্থী নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

২। নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী জেলা প্রশাসক, শেরপুর বরাবর আবেদনপত্র আগামী ১৭-১০-২০২১ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে (বিকাল ৫.০০টা) ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর-এ পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদন কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

৩। আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এর ওয়েবপোর্টাল www.sherpur.gov.bd, নাগরিক সেবা কেন্দ্র (ফ্রন্টডেস্ক) ও সংস্থাপন শাখা হতে সংগ্রহ করা যাবে।

৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ-

ক) প্রার্থীর সম্প্রতি তোলা ০২ (দুই) কপি ৫× ৫ সে.মি. আকারের সত্যায়িত রঙ্গিন ছবি

খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের সত্যায়িত অনুলিপি

গ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রার্থীর চারিত্রিক মূল সনদপত্র

ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি

চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত গ্রহণযোগ্য সনদের সত্যায়িত অনুলিপি

ছ) শারীরিক প্রতিবন্ধী ও এতিম প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়, শেরপুর এর উপ-পরিচালক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি

জ) ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর প্রার্থীর ক্ষেত্রে জেলা প্রশাসক, শেরপুর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি

ঝ) আনসার-ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি

ঞ) পরীক্ষার ফি বাবদ হিসাব কোড নং ১-০৭৪২-০০০০-২০৩১-এ জমাকৃত ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারি চালানের মূল কপি (আবেদন ফরমে চালান নম্বর ও তারিখ, ব্যাংক ও শাখার নাম উল্লেখসহ); ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

ট) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে প্রার্থীর নাম, পদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত ১৫/- (পনের) টাকার ডাকটিকিটযুক্ত ৯.৫″ × ৪.৫″ সাইজের একটি ফেরত খাম

৫। সকল ছবি ও সনদপত্র ন্যূনতম ৯ম গ্রেডের প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহারপূর্বক সত্যায়ন করতে হবে।

৬। খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৭। বিভাগীয় ও চাকরিরত প্রার্থীকে অনুমতিপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৮। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৯। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল কোটা/বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১১। নির্দিষ্ট কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে কোটার সপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র/প্রমাণক দাখিল করতে হবে। অন্যথায় তার দাবী গ্রহণযোগ্য হবে না।

১২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯-০৮-২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রার্থীর বয়সসীমা ২৫-০৩-২০২০ তারিখে সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য, এক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ নীতিমালা/পরিপত্রের নির্দেশনা অনুসরণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১৩। মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তির ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার বয়স ও অন্যান্য তথ্যাবলির প্রমাণক যাচাই/প্রত্যয়ন সংক্রান্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৭-০১-২০১৮ তারিখের ৪৮.০০.০০০০.০২.১০.২৬২৪.২০১৭.২৫ নং স্মারক ও ১৮-১০-২০২০ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুসরণ করা হবে।

১৪। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রযোজ্য ক্ষেত্রে পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারীকে নিম্নবর্ণিত ছকে তথ্য আবেদনপত্রের সাথে দাখিল করতে হবেঃ-

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা/গেজেটে বীর মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ | প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে পুত্র/কন্যা পক্ষ উল্লেখসহ (উপযুক্ত কর্তৃপক্ষের দাপ্তরিক স্মারক, তারিখ ও সীলমোহর থাকতে হবে) | ক) জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ<br>খ) জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ<br>গ) এসএসসি/ সমমান সনদ অনুযায়ী জন্ম তারিখ<br>ঘ) জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ | |

১৫। আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীগণ নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। লিখিত পরীক্ষার বাইরেও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা/কম্পিউটার সংক্রান্ত টেষ্ট অনুষ্ঠিত হবে। নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১৬। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় তথ্য যাচাইয়ের জন্য প্রার্থীকে অবশ্যই নিম্নোক্ত প্রমাণকসহ সকল সনদপত্রের মূল কপি এবং ০১ (এক) প্রস্থ কপি সাথে আনতে হবেঃ-

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে)

(খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র

(গ) প্রার্থীর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল সনদপত্র

(ঘ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের প্রত্যেকটির ০১ (এক) কপি (যাদের জাতীয় পরিচয়পত্র হয়নি তাদের ক্ষেত্রে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত নিবন্ধন স্লিপের সত্যায়িত কপি)। উল্লেখ্য, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদে প্রার্থীর নাম ঠিকানা অভিন্ন হতে হবে

(ঙ) সরকার নির্ধারিত কোটায় আবেদনকারীর সপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত/জারীকৃত সনদপত্র/প্রমাণক

(চ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র

(ছ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি

(জ) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি

(ঝ) কম্পিউটার ও শর্টহ্যান্ড এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র

১৭। প্রার্থী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যেকোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন/নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে বাংলাদেশের প্রচলিত আইনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৯। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

২০। বিজ্ঞপ্তির শূন্যপদ পূরণের জন্য সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

২১। আবেদনপত্র গ্রহণ/বাতিল, নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে ও নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না। নিয়োগের ক্ষেত্রে কোন সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২২। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ মোমিনুর রশীদ
জেলা প্রশাসক
শেরপুর।
ফোনঃ +৮৮-০৯৩১-৬১৯০০
E-mail: dcsherpur@mopa.gov.bd

জিডি-১১৬২/২১ (২৫″×৩)